গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
ডাইরী নং ৫৬৩০ তারিখ ঃ ২৪/৮/২২
পৃষ্ঠাংকন করুন / ০৯ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
তারিখ: ২৪ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন-৩ অধিশাখা
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৬৩.৩৩.০২০.১২-৮৯

বিষয়: মৎস্য অধিদপ্তরাধীন সহকারী মৎস্য কর্মকর্তা ও সামুদ্রিক মৎস্য শাখার পরিদর্শকদের দ্বিতীয় শ্রেণির পদমর্যাদায় উন্নীত বেতনস্কেলের (১০ম গ্রেড) উপর পূর্বে প্রাপ্ত টাইমস্কেল গণনা করে বেতন নির্ধারণের বিষয় পুন: বিবেচনাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত।

সূত্র: (১) অর্থ বিভাগ, বাস্তবায়ন-৩ অধিশাখার স্মারক নং- ০৭.০০.০০০০.১৬৩.৩৩.০২০.১২-১৫০, তারিখ: ২৯ ডিসেম্বর, ২০২১ খ্রি.
(২) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৩.০০.০০০০.১২৬.০৪.০০১.১৪-৩৩২, তারিখ: ১৩ জুন ২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মৎস্য অধিদপ্তরধীন সহকারী মৎস্য কর্মকর্তা এবং সামুদ্রিক মৎস্য শাখার পরিদর্শক পদসমূহ তৃতীয় শ্রেণি হতে দ্বিতীয় শ্রেণির পদমর্যাদায় ৭/৮/২০০৭ খ্রি. হতে উন্নীত হওয়ায় দ্বিতীয় শ্রেণির পদমর্যাদায় সর্বমোট ৪২৫ জন পদধারীর উন্নীত বেতনস্কেলে (১০ম গ্রেড) বেতন নির্ধারণে উদ্ভূত জটিলতা নিরসনের লক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রস্তাব অনুযায়ী পুনর্বিবেচনাপূর্বক অর্থ বিভাগের নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হলো:

(ক) সহকারী মৎস্য কর্মকর্তা এবং সামুদ্রিক মৎস্য শাখার পরিদর্শকদের দ্বিতীয় শ্রেণির পদমর্যাদায় বেতনস্কেল উন্নীত (১০ম গ্রেড) হওয়ার পূর্বে পদধারীগণ যিনি যে সংখ্যক টাইমস্কেল পেয়েছেন/প্রাপ্য হয়েছেন, উন্নীত বেতন স্কেলের উপরে সেই সংখ্যক টাইমস্কেল গণনা করে বেতনস্কেল উন্নীত করার প্রশাসনিক মঞ্জুরি আদেশ জারীর তারিখের পূর্বে তাদের সর্বশেষ আহরিত/প্রাপ্ত মূল বেতনের ভিত্তিতে বেতন নির্ধারণ হবে;

(খ) কোন কর্মচারীর বর্তমান মূলবেতন, বেতনস্কেল উন্নীতকরণের তারিখে টাইমস্কেলসহ নিরুপণকৃত বেতনস্কেলের সর্বনিম্ন ধাপের কম হলে সর্বনিম্ন ধাপে বেতন নির্ধারণ করতে হবে;

(গ) বর্তমান মূল বেতন নিরুপণকৃত বেতন স্কেলের সর্বনিম্ন ধাপের বেশী হলে এবং উক্ত স্কেলের কোন ধাপের সমান হলে সেই ধাপে বেতন নির্ধারণ করতে হবে;

(ঘ) বর্তমান মূলবেতন নিরুপণকৃত স্কেলের সর্বনিম্ন ধাপের বেশি হলে এবং উক্ত স্কেলের কোন ধাপের সমান না হলে সেক্ষেত্রে অব্যবহিত পরবর্তী উচ্চধাপে বেতন নির্ধারণ করতে হবে;

(ঙ) জাতীয় বেতনস্কেল, ২০১৫ জারির পূর্ববর্তী জাতীয় বেতনস্কেলগুলোর আওতায় ২য় শ্রেণির পদে সিলেকশন গ্রেড ও ২টি টাইমস্কেলসহ সর্বমোট ৩টির অধিক উচ্চতর স্কেল প্রাপ্যতার সুযোগ না থাকায় বিবেচ্য পদধারীদের ক্ষেত্রে প্রাপ্যতা সাপেক্ষে সর্বোচ্চ ৭ম গ্রেডের উর্ধ্বে বেতন নির্ধারণের সুযোগ নেই এবং

(চ) আরও শর্ত থাকে যে, এ বাবদ জাতীয় বেতনস্কেল, ২০১৫ জারির পূর্বে অর্থাৎ ১৫-১২-২০১৫ তারিখের পূর্বে শুধু বেতন নির্ধারণী সুবিধা ব্যতীত কোন বকেয়া আর্থিক সুবিধা প্রদেয় হবে না।

28.08.22

(মোহাম্মদ হাবিব উল্লাহ)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৮৫৭৩৩

সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি:**

(১) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
(২) অতিরিক্ত সচিব (বাস্তবায়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত সচিব (বাস্তবায়ন) মহোদয়ের সদয় অবগতির জন্য), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd

নং- ০৭.০৩.০০০০.০০৯.৩৩.৪৯৫.২১ - ১২৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
সাধারণ ডাইরী নং ........ তারিখ ৪/১০/২২
তারিখ: ০৬-১০-২০২২খ্রিঃ

প্রাপকঃ

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা।১০০০-ঢাকা .

**বিষয়: মৎস্য অধিদপ্তরাধীন সহকারী মৎস্য কর্মকর্তা ও সামুদ্রিক মৎস্য শাখার পরিদর্শকদের বেতন গ্রেড ১৪ তম ও ১৩ তম হতে ১০ম গ্রেড- এ বেতন নির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র -: সিএএফও/মৎস্য ও প্রাণি/সাঃ যোঃ/৬৯৬, তারিখঃ ১৪/০৯/২০২২খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২।। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মৎস্য অধিদপ্তরাধীন সহকারী মৎস্য কর্মকর্তা ও সামুদ্রিক মৎস্য শাখার পরিদর্শকের বেতন গ্রেড যথাক্রমে ১৪ তম ও ১৩ তম হতে মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয়ের ০৭/০৮/২০০৭খ্রিঃ তারিখের মপম/ম-১/পদ-১০/১৭/৫৯৯ নং পত্রের মাধ্যমে ১০ম গ্রেডে (দ্বিতীয় শ্রেণী) উন্নীতকরণ করা হয়েছে।

দ্বিতীয় শ্রেণির পদমর্যাদায় সর্বমোট ৪২৫ জন পদধারীর উন্নীত বেতন স্কেলে (১০ম গ্রেড) বেতন নির্ধারণে জটিলতা নিরসনে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ১৩/০৬/২০২২খ্রিঃ তারিখের ৩৩২ নং পত্রের প্রস্তাব অনুযায়ী অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২৪/০৮/২০২২খ্রিঃ তারিখের ৮৯ নং পত্রের মাধ্যমে উন্নীত স্কেলে বেতন নির্ধারণের সিদ্ধান্ত প্রদান করা হয়েছে।

উক্ত সিদ্ধান্ত মোতাবেক সংযুক্ত ছক অনুসরণ পূর্বক উন্নীত বেতন স্কেলে (১০ম গ্রেডে) বেতন নির্ধারণের পর অর্থ মন্ত্রনালয়ের ২৪/০৮/২০২২ খ্রি: তারিখের ০৭.০০.০০০০.১৬৩.৩৩.০২০.১২-৮৯ নং স্মারকের অনুচ্ছেদ (ঙ) মোতাবেক ০৭/০৮/২০০৭ খ্রি: তারিখ হতে ২য় শ্রেণির পদে প্রাপ্যতা সাপেক্ষে টাইমস্কেল ও সিলেকশন গ্রেডে বেতন নির্ধারণের ক্ষেত্রে নিম্নে বর্নিত নির্দেশনা অনুসরণ যোগ্য:

(ক) যে সকল কর্মকর্তাগণের বেতন ০৭/০৮/২০০৭ খ্রি: তারিখে ৭ম গ্রেডে নির্ধারিত হবে, জাতীয় বেতন স্কেল,২০০৯ মোতাবেক সে সকল কর্মকর্তাগণ কোন টাইমস্কেল ও সিলেকশন গ্রেড প্রাপ্য হবেন না;

(খ) যে সকল কর্মকর্তাগণের বেতন ০৭/০৮/২০০৭ খ্রি: তারিখ ৮ম গ্রেডে নির্ধারিত হবে, জাতীয় বেতন স্কেল,২০০৯ মোতাবেক সে সকল কর্মকর্তাগণ ২য় শ্রেনি পদে ১২বছর পূর্তিতে ৭ম গ্রেড ২য় টাইমস্কেল হিসেবে প্রাপ্য হবেন;

(গ) যে সকল কর্মকর্তাগণের বেতন ০৭/০৮/২০০৭ খ্রি: তারিখ ৯ম গ্রেডে নির্ধারিত হবে, জাতীয় বেতন স্কেল,২০০৯ মোতাবেক সে সকল কর্মকর্তাগণ ২য় শ্রেনি পদে ৮ ও ১২বছর পূর্তিতে যথাক্রমে ৮ম গ্রেড ১ম ও ৭ম গ্রেড ২য় টাইমস্কেল হিসেবে প্রাপ্য হবেন;

(ঘ) যে সকল কর্মকর্তাগণের বেতন ০৭/০৮/২০০৭খ্রি: তারিখ ১০ম গ্রেডে নির্ধারিত হবে, জাতীয় বেতন স্কেল,২০০৯ মোতাবেক সে সকল কর্মকর্তাগণ ২য় শ্রেনি পদে ৪বছর পূর্তিতে ৯ম গ্রেডে সিলেকশন গ্রেড হিসেবে এবং ৮ ও ১২বছর পূর্তীতে যথাক্রমে ৮ম গ্রেড ১ম ও ৭ম গ্রেড ২য় টাইমস্কেল হিসেবে প্রাপ্য হবেন;

এমতাবস্থায়, উন্নীত বেতন স্কেলে বেতন নির্ধারণের ক্ষেত্রে উপরোক্ত নির্দেশনাসহ অর্থ মন্ত্রণালয়ের ২৪/০৮/২০২২খ্রিঃ তারিখের ৮৯ নং পত্রটি পৃষ্ঠাংকনের সম্মতি প্রদান করা হলো।

বিষয়টি আদিষ্ট হয়ে জানানো হলো।

(মোঃ জাকির হোসেন)
উপ হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)
ফোনঃ ৮৩৯২৬১৩।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়**

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**

হিসাব ভবন

সেগুনবাগিচা, ঢাকা-১০০০

ইমেইল: fisheriescao@cga.gov.bd

স্মারক নং- সিএএফও/মৎস্যওপ্রাণি/মতামত/১১/৮০ তারিখ: ১২/১০/২০২২ খ্রিঃ

মৎস্য অধিদপ্তরাধীন সহকারী মৎস্য কর্মকর্তা ও সামুদ্রিক মৎস্য শাখার পরিদর্শকদের উন্নীত বেতন স্কেলে বেতন নির্ধারণ সংক্রান্ত অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২৪/০৮/২০২২ খ্রিঃ তারিখের স্মারক নং ০৭.০০.০০০০.১৬৩.৩৩.০২০.১২-৮৯ পত্রটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে পৃষ্ঠাঙ্কন করা হলো। উন্নীত বেতন স্কেলে বেতন নির্ধারণের ক্ষেত্রে সিজিএ কার্যালয়ের ০৩/১০/২০২২ খ্রিঃ তারিখের স্মারক নং ০৭.০৩.০০০০.০০৯.৩৩.৪৯৫.২১-১২৯ পত্রের নির্দেশনা অনুসরণীয়।

সংযুক্তি: ০৩ (তিন) পাতা।

১। হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

[দৃ:আ: উপ-হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)]

২। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস- ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ

৩। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)

৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)

১২।১০।২২

(তাজরীন রহমান)

অডিট এন্ড একাউন্টস অফিসার

অর্থ মন্ত্রনালয়ের ২৬/০৮/২০২২ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৬৩.৩৩.০২০.১২-৮৯ নং স্মারকের সিদ্ধান্ত মোতাবেক মৎস্য অধিদপ্তরাধীন সহকারী মৎস্য কর্মকর্তা ও সামুদ্রিক মৎস্য শাখার পরিদর্শক পদের ১০ম গ্রেডে উন্নীত স্কেলে বেতন নির্ধারণী ঃ

| | | |
|---|---|---|
| ১. | কর্মকর্তা/কর্মচারীর নাম | |
| ২. | কর্মকর্তা/কর্মচারীর বর্তমান পদবী | |
| ৩. | কর্মরত অফিসের নাম | |
| ৪. | জাতীয় পরিচয় পত্র নম্বর | |
| ৫. | ভেরিফিকেশন নম্বর | |
| ৬. | জন্ম তারিখ | |
| | **বেতন স্কেল উন্নীত করণের পূর্বের অর্থাৎ ০৬/০৮/২০০৭ তারিখের তথ্য** | |
| ৭. | চাকুরীতে যোগদানের তারিখ | |
| ৮. | বর্তমান পদে যোগদানের তারিখ | |
| ৯. | বর্তমান পদের মূলস্কেল (উন্নীত করণের পূর্বে) | |
| ১০. | বর্তমান পদে প্রাপ্ত টাইম স্কেলের সংখ্যা (উন্নীত করণের পূর্বে) | |
| ১১. | বর্তামানে যে স্কেলে/গ্রেডে বেতন গ্রহন করেন | |
| ১২. | বর্তামানে স্কেলে/গ্রেডে আহরিত মূল বেতন | |
| | **উন্নীত গ্রেডে/স্কেলে বেতন নির্ধারণ সংক্রান্ত তথ্য** | |
| ১৩ | পদের উন্নীত মূল গ্রেড ও স্কেল (০৭/৮/২০০৭ খ্রিঃ তারিখ) | |
| ১৪ | পূর্বে প্রাপ্ত টাইম স্কেল গণনা করে উন্নীত করণের পর প্রাপ্য গ্রেড ও স্কেল (৭ম গ্রেডের উর্ধ্বে নয়) | |
| ১৫ | ০৭/০৮/২০০৭ খ্রিঃ তারিখ উন্নীত গ্রেড স্কেলে প্রাপ্য বেতন ( ০৬/০৮/২০০৭ খ্রিঃ তারিখে প্রাপ্ত মূল বেতন নির্ধারিত স্কেলের সর্বনিম্ন ধাপের কম হলে সর্ব নিম্ন ধাপে/ কোন ধাপে মিললে সেই ধাপে/কোন ধাপে না মিললে উচ্চ ধাপে ) | |
| ১৬ | পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ | |
| | বিঃদ্রঃ ১৫/১২/২০১৫ খ্রঃ তারিখের পূর্বে কোন বকেয়া প্রদেয় হবে না। | |

কর্মকর্তার স্বাক্ষর
নামসহ সীল

আয়ন/ব্যয়ন কর্মকর্তার স্বাক্ষর
নামসহ সীল

<u>হিসাবরক্ষণ অফিসের ব্যবহারের জন্য</u>

উপরোক্ত বেতন নির্ধারণ বিবরনী যাচাই করে...............................................তারিখ.................................................................................................

টাকা বেতন স্কেলে মূল বেতন.......................................... টাকা নির্ধারণ করা হলো।পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ............................................।

অডিটর
নামসহ সীল

সুপার
নামসহ সীল

ডিএএফও/এএন্ডএও/ ইউএও
নামসহ সীল